



বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়
পূর্ব মেদিনীপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র
মুলাখোপ, দয়ালদাসী, পূর্ব মেদিনীপুর

নং: পি.এম.কে.ভি.কে/২২/১৭-১৮

তাং: ২২.০৬.২০১৭

বিজ্ঞপ্তি

পূর্ব মেদিনীপুর কৃষি বিজ্ঞান কেন্দ্রের অধীনে আনুমানিক ৩০ বিঘা জলাজমিতে ৩১ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত চুক্তিভিত্তিতে মৎস্য চাষ করিবার জন্য আগ্রহী মৎস্য ব্যবসায়ী সংস্থা বা ব্যক্তির নিকট হইতে মুখ বন্ধ খামে দরপত্র আহ্বান করা হইতেছে। দরপত্র এই বিশ্ববিদ্যালয়ের সম্প্রসারণ শিক্ষা অধিকরণের দপ্তর, মোহনপুর, নদিয়ায় পৌঁছাইবার অন্তিম তারিখ ৫ জুলাই ২০১৭ বেলা ২টা পর্যন্ত। উক্ত দিনে বেলা ৩টার সময় ঐ দরপত্র উন্মুক্ত হইবে এবং সর্বাধিক দর প্রদানকারী সংস্থা বা ব্যক্তি এই চুক্তির জন্য উপযুক্ত বলিয়া বিবেচিত হইবে।

শর্তাবলী

- চুক্তির বাহিরের কোনো জমিতে কোনোরূপ মৎস্য চাষ বা অন্য কোনো চাষ করিবার এক্তিয়ার উক্ত সংস্থা বা ব্যক্তির থাকিবে না।
- চুক্তির বাহিরের জমিতে কৃষি বিজ্ঞান কেন্দ্রের চাষ করা কোনো ফসলের কোনোরূপ ক্ষতি হইলে উক্ত সংস্থা বা ব্যক্তি জিন্মাদার থাকিবে।
- সর্বাধিক দর প্রদানকারী সংস্থা বা ব্যক্তিকে উক্ত বিবেচিত দর এককালীন ডিমাণ্ড ড্রাফট-এ “PURBA MEDINIPUR KRISHI VIGYAN KENDRA (REVOLVING FUND)” এই নামে প্রদান করিতে হবে। ডিমাণ্ড ড্রাফট কল্যাণীর (KALYANI) ভারতীয় স্টেট ব্যাঙ্কের (SBI) উপর প্রদেয় হইতে হইবে। অথবা অনলাইন পেমেণ্টের মাধ্যমে ভারতীয় স্টেট ব্যাঙ্কের (SBI) “PURBA MEDINIPUR KRISHI VIGYAN KENDRA (REVOLVING FUND)” এই অ্যাকাউন্টে (A/C NO.: 36770084307) (IFSC CODE: SBIN0001082) প্রদান করিতে হইবে। অনলাইন পেমেণ্টের প্রমাণপত্র দেখাইবার পর আদেশনামা প্রদান করা হইবে।
- দরপত্রের সহিত আধার কার্ড অথবা ভোটার কার্ডের প্রতিলিপি জমা করিতে হইবে।
- যে কোনো দরপত্র বা সব দরপত্রগুলি যে কোনো ক্ষেত্রে বা অবস্থায় কোনোরূপ কারণ না দর্শাইয়া গ্রহণ বা বাতিল করিবার এক্তিয়ার নিম্নস্বাক্ষরকারীর থাকিবে।

স্বাক্ষর—

কৌশিক ব্রহ্মচারী

ভারপ্রাপ্ত আধিকারিক

পূর্ব মেদিনীপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র

নং: পি.এম.কে.ভি.কে/২২/১(৯)/১৭-১৮

তাং: ২২.০৬.২০১৭

যথাবিহিত অবগতি এবং অনুগ্রহপূর্বক নিজ নিজ ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শিত করিবার জন্য প্রতিলিপি প্রদান করা হল

১. মাননীয় সভাপতি, জেলা পরিষদ, পূর্ব মেদিনীপুর, তমলুক, পূর্ব মেদিনীপুর
২. সম্প্রসারণ শিক্ষা অধিকর্তা, বিসিকেভি, মোহনপুর, নদিয়া
৩. খামার অধিকর্তা, বিসিকেভি, মোহনপুর, নদিয়া
৪. বিসিকেভি ওয়েবসাইট (www.bckv.edu.in)
৫. পঞ্চগোত্র প্রধান, সেওরাবেড়িয়া (জালপাই-২) গ্রাম পঞ্চগোত্র, পূর্ব মেদিনীপুর
- ৬-৮. আধিকারিক নদিয়া, হাওড়া ও হুগলী কেভিকে
৯. পূর্ব মেদিনীপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র নোটিশ বোর্ড

ভারপ্রাপ্ত আধিকারিক

পূর্ব মেদিনীপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র